মেহেরপুরে ইউনাইটেড লয়ার্স ফ্রন্টের অবস্থান কর্মসূচি

বিএনপি’র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার মুক্তির দাবিতে ইউনাইটেড লয়ার্স ফ্রন্ট এর উদ্যোগে ও মেহেরপুরে জাতীয়বাদী আইনজীবী ফোরামের আয়োজনে অবস্থান কর্মসূচি পালন করা হয়েছে।

আজ বুধবার সকাল সাড়ে দশটায় মেহেরপুর আইনজীবী ভবনের সামনে এই অবস্থান কর্মসূচি পালন করা হয়। এ সময় বক্তব্য রাখেন, জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্য অ্যাড. মোখলেসুর রহমান খান স্বপন, সাধারণ সম্পাদক অ্যাড. মারুফ আহমেদ বিজন, যুগ্ম সম্পাদক অ্যাড. কামরুল হাসান, প্রচার সম্পাদক, অ্যাড. এহেন উদ্দিন মনা, সদস্য অ্যাড. নজরুল ইসলাম প্রমুখ।

এসময় বক্তারা বলেন এ সরকার সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার উন্নত চিকিৎসায় বাধা প্রদান করছে। আমাদের দাবি বেগম খালেদা জিয়ার উন্নত চিকিৎসার জন্য বিদেশে প্রেরণ, নির্দলীয় নিরপেক্ষ ও তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন ও এই সরকারের অবিলম্বে পদত্যাগের দাবি জানান তারা।

মেহেরপুরে সরকারি কলেজ শিক্ষকদের ৩ দিনের সর্বাত্মক কর্মবিতরতি শুরু

আন্তঃক্যাডার বৈষম্য নিরসন, সুপার নিউমারারি পদে পদোন্নতি, অধ্যাপক পদ তৃতীয় গ্রেডে উন্নীতকরন, অর্জিত ছটি প্রদান, ক্যাডার কম্পোজিশনের সুরক্ষা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও মাদরাসা অধিদপ্তরের নিয়োগ বিধি বাতিল, শিক্ষা ক্যাডার তফসিলভুক্ত পদ থেকে শিক্ষা ক্যাডার বহির্ভূতদের প্রত্যাহার ও প্রয়োজনীয় পদসৃজন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের সকল ন্যায্য দাবি আদায়ে ৩ দিনের

সর্বাত্মক কর্মবিতরতি শুরু করেছে মেহেরপুর বিসিএস সাধারণ শিক্ষা সমিতি।

গতকাল মঙ্গলবার শুরু হওয়া এ কর্মবিরতি তিন দিন চলবে। কর্মসূচির প্রথম দিন মেহেরপুর সরকারি কলেজের শিক্ষকরা ক্লাশসহ সকল ধরনের একাডেমিক কার্যক্রম বাদ দিয়ে শিক্ষক মিলনায়তনে অবস্থান নেয়।

এ সময় মেহেরপুর জেলা বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি আবদুল্লাহ আল অমিন সহ শিক্ষক নেতারা বলেন, বেঁধে দেওয়া সময়ের মধ্যে সরকার তাদের দাবিগুলো মেনে নেবে বলে তারা আশা করছেন। এরপরও দাবি আদায় না হলে কেন্দ্রীয় কমিটির সঙ্গে পরামর্শ করে আগামীতে কঠোর কর্মসূচি দেওয়া হবে। আর এই কর্মবিরতি শুধুমাত্র মেহেরপুর জেলার চারটি সরকারি কলেজে পালন করা হচ্ছে।

উল্লেখ্য এর আগে গত ২৬ সেপ্টেম্বর জেলা প্রেসক্লাব মেহেরপুরে সকাল এগারোটায় জেলা বিসিএস সাধারণ শিক্ষা সমিতির জেলা কমিটির নেতৃবৃন্দ দেশব্যাপী কর্মসূচির অংশ হিসেবে সংবাদ সম্মেলন করে তাদের দাবি ও পরবর্তী কর্মসূচী জানান।

সংবাদ সম্মেলনে শিক্ষকরা জানিয়েছিলেন এরপর গত ২ অক্টোবর সারা দেশে এক দিনের কর্মবিরতি পালন করবেন তারা। এই কর্ম বিরতি শুধুমাত্র সরকারি কলেজগুলোতে পালন করা হবে। মেহেরপুর জেলায় মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি মহিলা কলেজ, গাংনী সরকারি ডিগ্রী কলেজ ও মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজে এই কর্মবিরতি পালনের আওতায় আসবে। এরপরও দাবি পূরণে দৃশ্যমান অগ্রগতি না হলে ১০, ১১ ও ১২ অক্টোবর টানা তিন দিনের কর্মবিরতি পালন করা হবে।

মেহেরপুরের হিজুলিতে গেমস খেলার দ্বন্দে স্কুল ছাত্রকে

কুপিয়ে জখম

পূর্ব বিরোধের জের ধরে শাহিন হোসেন নামের আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় দশম শ্রেণীর এক শিক্ষার্থীর উপর হামলা করে কুপিয়ে যখম করেছে প্রতিপক্ষরা। আহত শাহিন হোসেন আমঝুপি ইউনিয়নের হিজুলি গ্রামের মালিক হোসেনের ছেলে।

অভিযুক্ত হামলাকারীরা হল একই গ্রামের মহিরের ছেলে আব্দুল্লাহ (২২), আলমগীরের ছেলে ইয়াসিন (২০) এবং ওয়াসিম (২৫)

গতকাল মঙ্গলবার দুপুর দুইটার সময় হিজুলি গ্রামের মসজিদের সামনে এই ঘটনা ঘটে। মোবাইলে ফ্রী ফায়ার গেমস খেলা নিয়ে কয়েক মাস আগে দ্বন্দ্বের সূত্রপাত হয়েছিল বলে জানা গেছে। গতকাল মঙ্গলবার দশম শ্রেণীর নির্বাচনী পরীক্ষার অর্থনীতি বিষয়ে পরীক্ষা দিয়ে বাড়ি ফেরার পথে হিজুলি মসজিদের সামনে অভিযুক্তরা শাহিনের মোটরসাইকেলের গতিরোধ করে ধারালো অস্ত্র দিয়ে তার মাথায় আঘাত করে। ইতোপূর্বে আব্দুল্লাহ ও তার চাচা লালটু একবার শাহিনের উপর হামলা করেছিল বলে শাহিনের পরিবার ও এলাকাবাসীর সূত্রে জানা গেছে।

হিজুলি গ্রামের মেম্বার আব্দুল্লাহ বলেন, ‘শাহীন ও আব্দুল্লাহর মধ্যে পূর্ব থেকে শত্রুতা ছিল লোকমুখে শুনেছি, তবে এ ব্যাপার নিয়ে কোন পক্ষই আমার সাথে কথা বলেনি, আগেও একবার মারামারির ঘটনা ঘটেছিল, আজকে আমি এলাকার বাইরে ছিলাম।সন্ধ্যায় বাড়িতে আসার পর ঘটনাটি লোকমুখে জানতে পারি। ‘

শাহিন হোসেন তার বাবা, বড় ভাই ও চাচাকে সঙ্গে নিয়ে মেহেরপুর প্রতিদিন অফিসে এসে অভিযোগ করে মেহেরপুর জেনারেল হাসপাতালের বহির্বিভাগে চিকিৎসা নেয়ার পর হাসপাতাল থেকে টিকিটে পুলিশ কেস লিখে দেয়া হলেও থানায় গেলে মেহেরপুর সদর থানা পুলিশ কোন অভিযোগ নেয়নি।

বিষয়টি সম্পর্কে জানতে মেহেররপুর সদর থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলামের সাথে ফোনে যোগাযোগের চেষ্টা করে ব্যার্থ হয়ে প্রতিবেদক স্বশরীরে থানায় গিয়ে জানতে পারে তিনি আমঝুপিতে ঘটনাস্থলে গেছেন। ঘটনার সত্যতা জানতে শেষ রিপোর্ট লেখা পর্যন্ত কোনভাবেই মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ এর বক্তব্য নেয়া সম্ভব হয়নি।

মেহেরপুরের রাজনগরে বন্ধু পরিচয় দিয়ে বাড়ীতে ঢুকে স্বর্ণালংকার চুরি

মেহেরপুর সদরের রাজনগর গ্রামে বন্ধু পরিচয় দিয়ে বাড়ীতে ঢুকে স্বর্ণালংকার চুরির ঘটনা ঘটেছে।

আজ মঙ্গলবার বিকেল সাড়ে ৫ টার দিকে কবিরের বাড়ীতে এ চুরির ঘটনা ঘটে। কবির হোসেন রাজনগর মোল্লা পাড়ার মৃত সফর মন্ডলের ছেলে ও রাইচ মিল মালিক।

কবির জানায়, ঘটনার সময় আমি ব্যক্তিগত কাজে আমঝুপি বাজারে ছিলাম। চোর আমার বাড়ীতে ঢুকে আমার মেয়েকে আমার বন্ধু পরিচয় দিয়ে আমার খোঁজ করে। আমার মেয়ে তাকে ঘরে বসতে বলে পাশ্ববর্তী বাড়ীতে তার আম্মুকে ডাকতে যায়। এই সুযোগে সে ঘরে ঢুকে সোকেসের ড্রয়ারের তালা ভেঙে সেখানে থাকা ১টা সোনার নেকলেস, ১ জোড়া রুলিবালা, ২ জোড়া ঝুমকো দুল ও ৩ আংটি নিয়ে যায়। যার আনুমানিক মুল্য প্রায় ২ লক্ষ টাকা। সে সর্বোচ্চ পাঁচ মিনিটে মধ্যে ঘরের সোকেসের ড্রয়ারের তালা ভেঙে স্বর্ণালঙ্কার গুলো চুরি করে নিয়ে যায়। আমার স্ত্রী আসার আগেই সে ঘর থেকে বেরিয়ে উঠানে চলে আসে। পরে তাকে বসতে বললে বাইরে আরেক জন আছে তাকে ডেকে আনি বলে সে চম্পট দেয়।

বারাদী পুলিশ ক্যাম্প ইনচার্জ এসআই রেজাউল করিম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

গাংনীর কাজিপুরে ছেলের হাতে মা

জখম

মেহেরপুরের গাংনী উপজেলায় সম্রাট (১৫) নামের মানসিক ভারসাম্যহীণ এক ছেলে ডাশা দিয়ে এলোপাথাড়ি কুপিয়ে যখম করেছে গর্ভধারিনী মা রোকেয়া খাতুন (৪৫) কে।

গতকাল সোমবার ৯ অক্টোবর রাত সাড়ে আটটার দিকে জেলার গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের পীরতলা গ্রামের ছানারুল হকের বাড়িতে মর্মান্তিক এ ঘটনাটি ঘটে।

সম্রাট আলী পীরতলা গ্রামের কৃষক ছানারুল হক ও আহত রোকেনা খাতুনের ছেলে।

সম্রাটের বাবা ছানারুল হক বলেন, গতকাল রাত সাড়ে আটটার দিকে আমার স্ত্রী বাড়িতে একাই ঘুমিয়ে ছিলো। এ সময় আমার ছোট ছেলে সম্রাট গরুর গোয়ালে থাকা ঘাস কাটা ডাশা দিয়ে তার মাকে এলোপাথাড়ি কুপিয়ে যখম করে। এ সময় আমার ছোট ভাইয়ের স্ত্রী আইরিন খাতুন তা দেখে চিৎকার করে উঠলে বাড়ির বাহিরে থাকা লোকজন ও স্বজনরা এসে আমার স্ত্রীকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে।

গাংনী থানার ওসি তদন্ত মনোজীত কুমার নন্দী বলেন, ‘সম্রাট একজন মানসিক ভারসাম্যহীণ ছেলে। তাকে আজ দুপুরে গাংনী থানা পুলিশ হেফাজতে নিয়ে আসা হয়েছে। সে নিয়মিত মানসিক রোগের ঔষধ সেবন করে আসছিল। তাকে পাবনা মানসিক হাসপাতালে ভর্তির উদ্দেশ্যে প্রেরণের প্রস্তুতি চলছে।’

মেহেরপুরে সাবেক সংসদ সদস্য আব্দুল মান্নানের গনসংযোগ

স্বাধীন বাংলাদেশ বিনির্মাণে,বঙ্গবন্ধুর স্বপ্ন পূরনের পথে

জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ আগামীর পথে বিস্ব মানচিত্রে অভিভূত সাফল্য তুলে ধরতে সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নান গণসংযোগ করেন।

আজ মঙ্গলবার (১০ অক্টোবর) মেহেরপুর সদর উপজেলার রায়পুর,কোলা,দফরপুর, চাঁদবীল ও ময়ামারীতে গণসংযোগ করেন তিনি।

সাবেক সংসদ সদস্য প্রফেসর আব্দুল মান্নানের নেতৃত্বে গনসংযোগকালে খালেদুজ্জামান খাঁন ডালিম,হুমায়ূন কবির বাবু, সাজেদুর রহমান সাজু, মির্জা গালিব উজ্জ্বল,মিরাজুল ইসলাম, সেলিম রেজা,শেরেফুল ইসলাম,রকিবুল ইসলাম বাবু, নয়ন আহামেদ, মিঠু, রবিউল ইসলাম, আনোয়ার হোসেন রাজু,আব্বাস উদ্দিন,শেখ কায়সার হামিদ বুলবুল,ইকবাল হোসেন,আসাব উদ্দিন,মতিয়ার, বকুল আহামেদসহ বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ঢেউটিন ও চেক বিতরণ

মুজিবনগরে প্রধানমন্ত্রীর ত্রান তহবিল থেকে ঢেউটিন ও চেক বিতরণ করা হয়েছে। আজ মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ ও উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের আয়োজনে, ঢেউটিন ও চেক বিতরণ উপলক্ষে উপজেলা পরিষদ অডিটোরিয়ামে হত দরিদ্র উপকারভোগীদের নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ।

এসময় আলোচনা সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা হতদরিদ্র মানুষের জন্য যে সমস্ত সাহায্য ও সহযোগিতা করা হচ্ছে সেসব বিষয়ে তুলে ধরা হয়।

আলোচনা সভার শেষে ৮৩ জন হতদরিদ্রদের মাঝে ৮৪ বান্ডিল ঢেউটিন এবং ২ লক্ষ ৫২ হাজার টাকার চেক বিতরণ করা হয়।

মেহেরপুরে ১৭০ বোতল ফেনসিডিল সহ দুই সহোদর আটক

মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামে অভিযান চালিয়ে ১৭০ বোতল ফেন্সিডিল সহ দুই সহোদরকে আটক করেছে পুলিশ।

গতকাল সোমবার দিবাগত রাত একটার দিকে মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম এর নেতৃত্বে পুলিশের একটি টিম দক্ষিন শালিকা গ্রামে এই অভিযান পরিচালনা করে। আটককৃতরা হলো সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের দক্ষিণ শালিকা গ্রামের মোঃ মনসুর আলীর ছেলে শুকুর আলী ও মকর আলী। আটকের সময় তাদের কাছ থেকে মাদক বিক্রির ২০ হাজার টাকা উদ্ধার করা হয়।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম বলেন, ‘ গোপন সংবাদের ভিত্তিতে দক্ষিণ শালিকা গ্রামের শ্যামলী পাড়ায় অভিযান চালিয়ে শুকুর আলী ও মকর আলীকে ১৭০ বোতল ফেন্সিডিল সহ আটক করা হয়েছে। তাদের কাছ থেকে উদ্ধার করা মাদকের বাজার মূল্য আনুমানিক ৩ লক্ষ ৪০ হাজার টাকা। সদর থানায় মাদক নিয়ন্ত্রণ আইনের তাদের নামে ১০ অক্টোবর একটি মামলা দায়ের করা হয়েছে, মামলা নম্বর
১৭। আসামিদেরকে আজ আদালতে সোপর্দ করা হবে। ‘

অতিরিক্ত পুলিশ সুপার মোঃ কামরুল আহসান বলেন, ‘মাদকের বিরুদ্ধে মেহেরপুর জেলা পুলিশ জিরো টলারেন্স রয়েছে। শুধু মাদক বিক্রেতা নয় এদের আশ্রয়দাতা সহ মূল ব্যবসায়ীদের তালিকা পুলিশের হাতে রয়েছে, উপযুক্ত তথ্য প্রমাণসহ খুব শীঘ্রই তাদের আটক করা হবে। ‘

[redacted]

[redacted]

সঙ্গে রাজধানী ঢাকার সঙ্গে দেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের মানুষের যাতায়াত ব্যবস্থা যেমন সহজ হবে, তেমনি ওই অঞ্চলের মানুষের জন্য কম খরচে ট্রেনের মাধ্যমে পণ্য পরিবহনও সহজ হবে। এতে করে দেশের অর্থনীতির উন্নয়ন ঘটবে।

ঢাকা থেকে যশোর পর্যন্ত ১৭২ কিলোমিটার রেলপথ নির্মাণের ফলে ঢাকা থেকে যশোরের দূরত্ব কমবে ১৮৪ দশমিক ৭২ কিলোমিটার, ঢাকা- খুলনা দূরত্ব কমবে ২১২ কিলোমিটার এবং ঢাকার সঙ্গে দর্শনার দূরত্ব কমবে ৪৪ কিলোমিটার ফলে যাত্রার সময়ও কমে আসবে। এই রেলপথটি শুধু দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের যাতায়াতের ক্ষেত্রেই নেয়, আঞ্চলিক বৈষম্য দূর করতে এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নেও বড় অবদান রাখবে। এছাড়া ভাঙ্গা থেকে পাচুরিয়া-রাজবাড়ী সেকশনটি পদ্মা সেতু হয়ে সরাসরি ঢাকার সঙ্গে যুক্ত হবে।

পদ্মা রেল লিংকটি শুধু দেশের রেল যোগাযোগেই পরিবর্তন আনবে। এই রুটটি যুক্ত হবে ট্রান্স এশিয়ান রেল রুটের সঙ্গে। বাংলাদেশ থেকে মায়ানমার হয়ে চীন পর্যন্ত সংযোগ ঘটাবে এই রেল রুট। পদ্মাসেতুর রেল রুট ব্যবহার করে পেট্রাপোল সীমান্ত দিয়ে ভারতকে সংযুক্ত করে বেনাপোল-যশোর-নড়াইল-ভাঙ্গা-মাওয়া হয়ে নারায়ণগঞ্জ-ঢাকা-টঙ্গী- আখাউড়া-চট্টগ্রাম-দোহাজারি হয়ে মিয়ানমারের গুনদুম সীমান্তে গিয়ে মিলবে। এর ফলে নানামুখী সম্ভাবনার দুয়ার খুলবে।

ট্রান্স-এশিয়ান রেল রুটের সঙ্গে যুক্ত হওয়া প্রসঙ্গে জানতে চাইলে পদ্মা রেল লিংক প্রকল্পের প্রকল্প পরিচালক(পিডি) প্রকৌশলী গোলাম ফখরুদ্দিন আহমেদ চৌধুরী বলেন, উদ্দেশ্য একটাই, দ্বার খুলে দেয়া এবং সংযোগ বাড়ানো। এরইমধ্যে ভারতের সঙ্গে আমাদের সংযোগ সৃষ্টি হয়েছে। এবারে আমরা মিয়ানমারকে সংযুক্ত করতে যাচ্ছি। সেখান থকে চীনের সঙ্গে সংযোগ ঘটবে। এই রুটের মাধ্যমে আরো অনেক দেশে যেতে পারবো। অর্থাৎ, সম্ভাবনা অনেক।

দেশের প্রথম পাথরবিহীন রেলপথ নির্মাণ হয়েছে পদ্মা সেতুতে। অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে পাথরবিহীন এই রেলপথ নির্মাণ করা হয়েছে মূল সেতুতে। যার দৈর্ঘ্য ১৩ দশমিক ৩ কিলোমিটার। প্রকল্প সংশ্লিষ্টরা বলছেন, ভ্রমণের ক্ষেত্রে পাথরবিহীন রেলপথ খুবই আরামদায়ক। সেতুতে যাতে কোনো ঝাঁকুনি (জার্কিং) না হয়, সেজন্য তারা পাথরবিহীন রেলপথ নির্মাণের উদ্যোগ নেন। তারা জানান, পৃথিবীর বিভিন্ন দেশে পাথরবিহীন রেলপথ দিয়ে ঘণ্টায় ৩০০ থেকে ৪০০

কিলোমিটার গতিতে ট্রেন চলতে পারে। পদ্মা সেতুতে এর গতি নির্ধারণ করা হয়েছে ঘণ্টায় ১২০ কিলোমিটার।

পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পটি প্রধানমন্ত্রীর অগ্রাধিকারভুক্ত (ফার্স্ট ট্র্যাক) ১০ প্রকল্পের একটি। এই প্রকল্পটি বাস্তবায়নে প্রথমে ব্যয় ৩৫ হাজার কোটি টাকা। পরবর্তিতে নতুনভাবে ডুয়েলগেজ নির্মাণ, ভাঙ্গা জংশনে ওভারহেড স্টেশন, নড়াইলের তুলারামপুরে নতুন আন্ডারপাস, ভায়াডাক্টের পিয়ারের নকশা পরিবর্তন, ১০০টি বিজি কোচের ডিজাইন পরিবর্তন, স্টেশনগুলোতে অপারেশনাল সুবিধা বৃদ্ধিজনিত পরিবর্তন, নদীর নেভিগেশন ক্লিয়ারেন্স বৃদ্ধির কারণে কারণে ব্যয় বেড়ে দাঁড়ায় ৩৯ হাজার ২৪৬ কোটি টাকায়। এছাড়া ঢাকা- মাওয়া ও ভাঙ্গা-যশোর সেকশনে জমি অধিগ্রহণে বিলম্ব এবং ইউটিলিটি লাইন স্থানান্তর। তুলারামপুর ও টিটিপাড়া পয়েন্টে লেভেল ক্রসিংয়ের পরিবর্তে রেলওয়ে আন্ডারপাস নির্মাণের মতো পরিকল্পনা গ্রহণ করায় এই ব্যয় বৃদ্ধি হয়েছে । পদ্মা সেতু রেল লিংক প্রকল্পে বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়ন হচ্ছে ১৮ হাজার ২১০ কোটি টাকা। বাকি ২১ হাজার ৩৬ কোটি টাকা অর্থায়ন করছে চীন।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে বিএনপি নেতা আবদুল্লাহর মতবিনিময়

জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-২ আসনে বিএনপি’র মনোনয়ন প্রত্যাশী জেলা বিএনপির সহসভাপতি ও সাবেক ভিপি মোহাম্মদ আব্দুল্লাহ সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছেন।

বিএনপি’র তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে চলমান এক দফা আন্দোলন বাস্তবায়ন ও আগামী দিনে গাংনীর সার্বিক উন্নয়ন বিষয়ে নিজের ভাবনা তুলে ধরেন তিনি।

মেহেরপুর লা-ভোগ রেস্টুরেন্টে গতকাল সোমবার দুপুরে আয়োজিত এই মতবিনিময় উপস্থিত ছিলেন গাংনী পৌর বিএনপির সভাপতি মুরাদ আলী,